

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
উপজেলা সরকারি গণগ্রন্থাগার, বকশীগঞ্জ, জামালপুর  
publiclibrary.bokshiganj.jamalpur.gov.bd

তারিখ: ১৭/০৪/২৪খ্রি.

স্মারক নং: ৪৩.২৬.৩৯০৭.০০১.৩৫.০০৪.২২/০০৬

বিষয়: জনাব মো: শহীদুল ইসলাম (পাঠকক্ষ সহকারী কাম রেফারেন্স সহকারী) এর বিনা অনুমতিতে কর্মস্থলে দীর্ঘ অনুপস্থিতি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বিনীতভাবে জানানো যাচ্ছে যে, জনাব মো: শহীদুল ইসলাম, পাঠকক্ষ সহকারী কাম রেফারেন্স সহকারী, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার ময়মনসিংহ, (সংযুক্ত) উপজেলা সরকারি গণগ্রন্থাগার বকশীগঞ্জ, জামালপুর, গত ৩০/০৭/২০২৩খ্রি. তারিখ হতে ০৯/০৩/২৪খ্রি. তারিখ পর্যন্ত বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন (কপি সংযুক্ত)। তার দীর্ঘ অনুপস্থিতির কারণে এ কার্যালয়ের দাপ্তরিক কাজ দারুণভাবে বাহত হয়েছে। এভাবে কর্তৃপক্ষকে না জানিয়ে কর্মস্থলে অনুপস্থিত থাকা তার পুরনো বদভ্যাস। ইতঃপূর্বে তাকে এ ব্যাপারে গণগ্রন্থাগার অধিদপ্তর থেকে সতর্কবার্তা (কপি সংযুক্ত) এবং বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, ময়মনসিংহ থেকে সতর্কবার্তা (কপি সংযুক্ত) দেয়া হলেও, তার কোন আচরণিক পরিবর্তন হয়নি। সর্বশেষ, গত ০১/০৪/২৪ তারিখে ৪৩.২৬.৩৯০৭.০০১.৩৫.০০৪.২২/৫৫৪ স্মারকে তাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলেও তিনি কোন সাড়া দেননি।

বর্ণিতবস্থায়, শ্রদ্ধেয় মহোদয়ের নিকট, পাঠকক্ষ সহকারী-কাম-রেফারেন্স সহকারী জনাব মো: শহীদুল ইসলাম এর অননুমোদিত অনুপস্থিতির বিষয়ে বিধি মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য বিনীতভাবে অনুরোধ করছি।

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
গণগ্রন্থাগার অধিদপ্তর

  
মাহমুদা আক্তার


সহকারী লাইব্রেরিয়ান  
উপজেলা সরকারি গণগ্রন্থাগার  
বকশীগঞ্জ, জামালপুর।

স্মারক নং: ৪৩.২৬.৩৯০৭.০০১.৩৫.০০৪.২২ / ০০৬

তারিখ: ১৭/০৪/২৪খ্রি.

সদয় অবগতি / কার্যার্থে প্রেরণ করা হল :

- ০১) সহকারী পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, ময়মনসিংহ।
- ০২) মো: শহীদুল ইসলাম, পিতা: কেলামত আলী, মিলন বাজার, উজান বৈলর, পোষ্ট কোড:-২২০০, ত্রিশাল, ময়মনসিংহ।
- ৩) অফিস কপি।

  
মাহমুদা আক্তার  
সহকারী লাইব্রেরিয়ান  
উপজেলা সরকারি গণগ্রন্থাগার  
বকশীগঞ্জ, জামালপুর।